গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
মবিঅ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়,
www.mowca.gov.bd

তারিখ: ৩০/১২/২০২৫ ইং

নং-৩২.০০.০০০০.০২৯.০২.০৮২.২১.৩৫৪

**বিষয়: মা ও শিশু সহায়তা কর্মসূচির মাসিক অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: ফিরোজ উদ্দিন খলিফা, যুগ্মসচিব (কার্যক্রম), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময় : ৩০/১২/২০২ খ্রি: বেলা ৯.৩০ টা
স্থান :মা ও শিশু সহায়তা কর্মসূচির কনফারেন্স রুম
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচি জানান, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে বরাদ্দ অনুযায়ী উপকারভোগী নির্বাচন হয় নি। ঢাকা জেলায় বর্তমানে নতুন উপপরিচালক যোগদান করেছেন, তাকে এ বিষয়ে যথাযথভাবে দায়িত্ব পালন করতে করার বিষয়ে আলোচনা হয়। | উপপরিচালক কে পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচি |
| ২। | বিজেএমইএ এর নিকট হতে ৩০ জন শ্রম কল্যাণ কর্মকর্তাকে টিওটি প্রশিক্ষণ প্রদানের বিষয়ে পত্র পাওয়া গেছে। সভাপতি প্রতিটি কারখানার ডাটা এন্টির সাথে সংশ্লিষ্ট শ্রম কল্যাণ কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী উপকারভোগী নির্বাচন না হলে উক্ত বরাদ্দ অন্যত্র প্রদানের বিষয়ে আলোচনা হয়। | প্রতিটি কারখানার শ্রম কল্যাণ কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>লক্ষ্যমাত্রা অনুযায়ী উপকারভোগী নির্বাচন না হলে উক্ত বরাদ্দ অন্যত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচি |
| ৩। | এলএফএমইএবি এর আওতাভুক্ত কারখানাসমূহের ৩০ জন শ্রম কল্যাণ কর্মকর্তাকে টিওটি প্রশিক্ষণ প্রদানের বিষয়ে পত্র পাওয়া গেছে। | সদর কার্যালয়ে ৩০ জন শ্রম কল্যাণ কর্মকর্তাকে টিওটি প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচি |
| ৪। | জাতীয় পরিচয়পত্রের বিপরীতে ভাতাভোগীদের এম এফ এস হিসাব নম্বর নিবন্ধনের কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য মাঠ পর্যায়ে তাগিদ পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | মাঠ পর্যায়ে তাগিদ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচি |
| ৫। | এমএফএস প্রতিষ্ঠানগুলোর সাথে এপিআই ইন্টিগ্রেশনের বিষয়ে আলোচনা হয়। সভাপতি বিশ্ব খাদ্য কর্মসূচির টেকনিক্যাল কর্মকর্তা এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামার কে এলাকাভিত্তিক এমএফএস হিসাব নম্বর ব্যবহারের বিষয়ে এনালাইসিস করার বিষয়ে নির্দেশনা প্রদান | বিশ্ব খাদ্য কর্মসূচির টেকনিক্যাল কর্মকর্তা এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রোগ্রামার এমএফএস হিসাব নম্বর ব্যবহারের এলাকাভিত্তিক হার কেমন, এ বিষয়ে এনালাইসিস করে রিপোর্ট প্রদান করবেন এবং এর ভিত্তিতে কোন কোন এম | বিশ্ব খাদ্য কর্মসূচির টেকনিক্যাল টীম ও প্রোগ্রামার, মহিলা ও |

| | | | |
|---|---|---|---|
| | করেন। | এফ এস প্রতিষ্ঠানের সাথে এপি আই ইন্টিগ্রশন হবে সে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে। দ্রুত তম সময়ের মধ্যে এ কাজ সম্পন্ন করতে হবে। | শিশু বিষয়ক মন্ত্রণালয় |

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষরিত)
মো: ফিরোজ উদ্দিন খলিফা
যুগ্মসচিব (কার্যক্রম)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নং: তারিখ: ৩০/১২/২০২৫

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রোগ্রাম অফিসার/সহকারী পরিচালক (সকল), মহিলা বিষয়ক অধিদপ্তর;
২। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;
৩। প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচি।

৩০/১২/২০২৫
ড. বিলকিস বেগম
উপসচিব (মবিঅ-২)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়